FYUGP/4th Sem/26(NEP)New

2026

**Four Year Under Graduate Programme (FYUGP)**

**4th Semester Examination (Under NEP)**
**(New Session 2024-25)**

# BENGALI (Major)

**Paper Code : BNGMJ DC-403**

**(প্রবন্ধ)**

Full Marks : 50 Time : Two Hours

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

## বিভাগ - ক

১। 'আমার দুর্গোৎসব' প্রবন্ধে দুর্গাপূজাকে কেন্দ্র করে বঙ্কিমচন্দ্রের স্বদেশচিন্তা কীভাবে রূপ পেয়েছে — বুঝিয়ে দাও। ১০

অথবা

'কমলাকান্তের দপ্তর' অবলম্বনে উনিশ শতকের বাঙালি মধ্যবিত্ত সমাজের শিক্ষা, বাবু সংস্কৃতি, নৈতিক অবক্ষয়ের পরিচয় দাও। ১০

২। 'যে সমাজে নারীর মূল্য নাই, সে সমাজ বড়ো হইতে পারে না' — 'নারীর মূল্য' প্রবন্ধ অনুসরণে লেখকের বক্তব্যটি বুঝিয়ে দাও। ১০

P.T.O.

অথবা

'সাংবাদিকতা সাহিত্যের বহিরঙ্গ, সাহিত্য সাংবাদিকতার অন্তরঙ্গ' — 'জার্নালিজম ও সাহিত্য' প্রবন্ধ অনুসরণে প্রমথনাথ বিশীর বক্তব্যটি বুঝিয়ে দাও। ১০

৩। 'সকলেই কবি নয়, কেউ কেউ কবি' — কে, কোন্ প্রবন্ধে একথা বলেছেন? লেখকের বক্তব্য প্রবন্ধ অনুসরণে বুঝিয়ে দাও। ২+৮=১০

অথবা

'কাব্য সংসারে এমন দু'টি-একটি রমণী আছে যাহারা কবি কর্তৃক সম্পূর্ণ উপেক্ষিত হইয়াও অমরলোক হইতে ভ্রষ্ট হয় নাই।' — উক্তিটি কার লেখা, কোন্ প্রবন্ধ থেকে গৃহীত হয়েছে? উক্ত প্রবন্ধ অবলম্বনে দুইজন উপেক্ষিতার পরিচয় দাও। ২+৪+৪=১০

৪। 'সমালোচনা মানে খুঁত ধরা নয়, গ্রন্থকে পাঠকের কাছে পৌঁছে দেওয়া' — মন্তব্যটি স্মরণে রেখে পুস্তক সমালোচনার নীতিগুলি আলোচনা করো। ১০

অথবা

তোমার পঠিত একটি পুস্তক সমালোচনা (বুক রিভিউ) করো। ১০

বিভাগ - খ

৫। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) বঙ্কিমচন্দ্রের 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থে বিদেশি কোন্ গ্রন্থের প্রভাব আছে? ২



(খ) 'ধর্মও এখানে বিক্রয় হয়' — কে, কোন্ প্রবন্ধে কথাটি বলেছেন? ১+১=২

(গ) ভারতচন্দ্রের একটি কাব্যের নাম লেখো। প্রমথ চৌধুরীর মতে ভারতচন্দ্রের কাব্যের প্রধান রস কোন্‌টি? ১+১

(ঘ) 'বই কিনে কেউ দেউলিয়া হয় না' — বক্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ২

(ঙ) 'টাইটেল পেজ' কাকে বলে? ২

(চ) 'হিমালয় যেন বিরাট এক যোগী' — কার সম্পর্কে, কেন একথা বলা হয়েছে? ১+১=২

(ছ) গ্রন্থ সম্পাদনার ক্ষেত্রে পাদটীকার দু'টি প্রয়োজনীয়তা উল্লেখ করো। ২

---